

## Meeting between External Affairs Minister and Vice President and Minister of Foreign Affairs of Colombia

October 02, 2021

### বিদেশমন্ত্রী এবং কলোম্বিয়ার উপরাষ্ট্রপতি ও বিদেশমন্ত্রীর মধ্যে বৈঠক

অক্টোবর 02, 2021

2 রা অক্টোবর বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর , কলোম্বিয়ার উপরাষ্ট্রপতি ও বিদেশমন্ত্রী হার এক্সেলেম্বি শ্রীমিতী মার্তা লুসিয়া রামিরেজের সাথে একটি দ্বিপাক্ষিক আলোচনায় অংশগ্রহণ করেছেন। শ্রীমতী রামিরেজ 48 সদস্যের একটি স্বাস্থ্য এবং প্রযুক্তি প্রতিনিধি দলের নেতৃত্ব প্রদান করে 1 থেকে 3 রা অক্টোবর 2021 ভারত সফর করছেন। তার সাথে রয়েছেন, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা মন্ত্রী ডঃ লুইজ ফার্নান্দো রুইজ, সরকারি আধিকারিকগণ, বাণিজ্য এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ। এর আগে 25 শে সেপ্টেম্বর 2021 -এ বিদেশমন্ত্রী ইউএনজিএ-76 - এর পাশাপাশি শ্রীমতী রামিরেজের সাথে বৈঠক করেছিলেন।

2. নেতৃত্ব স্বাস্থ্য, ওষুধ প্রস্তুত, জৈবপ্রযুক্তি এবং মহাকাশ-এর মত ক্ষেত্রগুলি নিয়ে বিস্তৃত আলোচনা করেছেন। পারস্পরিক স্বার্থের আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয়গুলি নিয়েও বৈঠকে আলোচনা করা হয়েছে। বিদেশমন্ত্রী ইউএন-এর সংস্কারের পরিপ্রেক্ষিতে ভারতের অগ্রাধিকারগুলির উপরে জোর দিয়েছেন। নেতৃত্ব বহুপাক্ষিক মঞ্চে সহযোগিতাকে শক্তিশালী করার জন্য সহমত প্রকাশ করেছেন।

3. ভারত এবং কলোম্বিয়ার মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যে একটি নিয়মিত বৃদ্ধি লক্ষ্য করা গেছে যেটি কোভিড-19 অতিমারির কারণে বিঘ্নিত হওয়া সত্ত্বেও 2020-21 -এ 2.27 বিলিয়ন মার্কিন ডলারের গিয়ে দাঁড়িয়েছে। উভয়পক্ষ বাণিজ্য, শক্তি, আইটি, ওষুধ প্রস্তুত এবং মোটরগাড়ি নির্মাণ ক্ষেত্রে আরও উৎসাহ প্রদান ও বিনিয়োগের জন্য সম্মত হয়েছেন।

4. দুই নেতা জৈবপ্রযুক্তি ও চিকিৎসা গবেষণার ক্ষেত্রে সহযোগিতার অভিপ্রায়ের উপরে দুটি পত্র স্বাক্ষর অনুষ্ঠানের সাক্ষী ছিলেন। এগুলি জৈবপ্রযুক্তি দপ্তর এবং

ইন্ডিয়ান কাউন্সিল অব মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর)ও তাদের কলোম্বিয়ান সমকক্ষ দপ্তর দ্বারা স্বাক্ষরিত হয়েছে।

5. উপরাষ্ট্রপতি রামিরেজের আগমনের আগে, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা মন্ত্রী ডঃ লুইজ ফার্নান্দো রিজের নেতৃত্বে একটি বাণিজ্য প্রতিনিধি দল 27-30 শে সেপ্টেম্বর পুনে, হায়দ্রাবাদ এবং বেঙ্গালুরু ভ্রমণ করেছেন। ভ্যাকসিন এবং ওষুধ উৎপাদনের বিকাশের জন্য যৌথ উৎপাদন এবং প্রযুক্তি প্রতিস্থাপনের লক্ষ্যে তারা এই শহরগুলির ওষুধ প্রস্তুতকারক কোম্পানিগুলি এবং উৎকর্ষতার কেন্দ্রগুলি পরিদর্শন করেছেন। তারা ইসরো সুবিধাও পরিদর্শন করেছেন এবং নিউ স্পেস ইন্ডিয়া লিমিটেড(এনএসআইএল) এবং হিউম্যান স্পেস ফ্লাইট সেন্টার (এইচএসএফসি)থেকে আগত প্রতিনিধিবৃন্দের সাথেও সাক্ষাৎ করেছেন।

6. বৈঠক চলাকালীন, উভয়পক্ষ উচ্চপর্যায়ের সম্পর্কের সাম্প্রতিক গতিবৃদ্ধিকে স্বাগত জানিয়েছেন এবং পারস্পরিক সুবিধার চিহ্নিত ক্ষেত্রগুলিতে সহযোগিতা বৃদ্ধিতে সহমত হয়েছেন।

নিউ দিল্লি

অক্টোবর 02,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.